গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
(সাধারণ শাখা)
www.sylhet.gov.bd

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪২তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস-২০১৭ পালন উপলক্ষে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী:

সভাপতি : মোঃ রাহাত আনোয়ার
জেলা প্রশাসক, সিলেট।
সভার স্থান : জেলা প্রশাসক, সিলেট এর সম্মেলন কক্ষ।
সভার তারিখ ও সময় : ০৩/০৮/২০১৭, বিকাল ৩.৩০ ঘটিকা।
উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং ১৫ আগস্ট, ২০১৭ তারিখ মঙ্গলবার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪২তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস-২০১৭ যথাযথ মর্যাদায় এবং ভাবগম্ভীর পরিবেশে পালনের লক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভায় সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে মো: শহিদুল ইসলাম চৌধুরী, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট মন্ত্রিপরিষদ বিভাগের ১২/০৭/২০১৭ তারিখের ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.১৬.২৫২ নং স্মারকে প্রাপ্ত কর্মসূচি পাঠ করে শুনান। জাতীয় শোক দিবস-২০১৭ পালনের নিমিত্ত জাতীয় কর্মসূচির আলোকে উপস্থিত সকলের মতামত/ পরামর্শের ভিত্তিতে সর্বসম্মতভাবে নিম্নবর্ণিত কর্মসূচিসমূহ গৃহীত হয়।

| ক্র: নং | তারিখ ও সময় | কর্মসূচি | স্থান | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | ১৩/০৮/২০১৭ সুবিধাজনক সময়ে | জাতীয় শোক দিবসের সাথে সঙ্গতিপূর্ণ চিত্রাঙ্কন, কবিতা পাঠ এবং বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ প্রতিযোগিতা। | জেলা শিল্পকলা একাডেমি, সিলেট। | জেলা কালচারাল অফিসার, সিলেট। |
| ০২ | ১৪/০৮/২০১৭ দিনব্যাপী | জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদার সাথে পালনের জন্য মাইকিং এর মাধ্যমে দিবসটির ব্যাপক প্রচার করা। | সিলেট মেট্রোপলিটন এলাকাসহ সমগ্র জেলা | ১। উপ-পরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট ২। উপজেলা নির্বাহী অফিসার(সকল),সিলেট। |
| ০৩ | ১৫/০৮/২০১৭ সূর্যোদয়ের সাথে সাথে | জাতীয় শোক দিবস উপলক্ষে সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ভবন, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবন সমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা। | সকল সরকারি, আধা-সরকারি, বেসরকারি, স্বায়ত্তশাসিত ভবন, শিক্ষা প্রতিষ্ঠান ও অন্যান্য সকল প্রতিষ্ঠানের ভবনসমূহ। | স্ব স্ব ভবন কর্তৃপক্ষ |
| ০৪ | ১৫/০৮/১৭ সুবিধাজনক সময়ে | বাদ জোহর সকল মসজিদে মোনাজাত এবং সুবিধামত সময়ে সকল মন্দির, গীর্জা ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ প্রার্থনা। | স্ব স্ব ধর্মীয় প্রতিষ্ঠান | উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন ও স্ব স্ব ধর্মীয় প্রতিষ্ঠান প্রধানগণ। |
| ০৫ | ১৫/০৮/২০১৭ সকাল ১০.০০ টায় | জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ। | কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণ, চৌহাট্টা, সিলেট। | জেলা প্রশাসন, সিলেট ও সংশ্লিষ্ট উপ-কমিটি। |
| ০৬ | ১৫/০৮/২০১৭ সকাল ১০.১৫ মিনিটে | কালোব্যাজ ধারণ করে শোক র‌্যালি। | কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণ হতে কবি নজরুল অডিটরিয়াম, সিলেট পর্যন্ত। | জেলা প্রশাসন, সিলেট ও সংশ্লিষ্ট উপ-কমিটি। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | ১৫/০৮/২০১৭ সকাল ১০.৩০ মিনিটে | স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কর্মের ওপর আলোচনা সভা। | কবি নজরুল অডিটরিয়াম, সিলেট। | জেলা প্রশাসন, সিলেট ও সংশ্লিষ্ট উপ-কমিটি। |
| ০৮ | ১৫/০৮/২০১৭ সুবিধাজনক সময়ে | ডকুমেন্টরি চলচ্চিত্র প্রদর্শন। | ১) ক্বীন ব্রিজের নীচে ২) সিলেট মহানগরীর সুবিধাজনক স্থানে। | উপ-পরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট। |
| ০৯ | ১৫/০৮/২০১৭ | জাতীয় শোক দিবস-২০১৭ উপলক্ষে বাংলাদেশ বেতার, সিলেট এ বিশেষ অনুষ্ঠানমালা প্রচার এবং স্থানীয় দৈনিক সংবাদপত্রসমূহে বিশেষ ক্রোড়পত্র প্রকাশ। | - | আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, সিলেট, উপ-পরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট এবং সম্পাদক, স্থানীয় দৈনিক পত্রিকাসমূহ। |
| ১০ | ১৫/০৮/২০১৭ সুবিধাজনক সময়ে | বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা, জাতীয় শোক দিবস এর সঙ্গে সঙ্গতিপূর্ণ কবিতা আবৃত্তি, রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা, হামদ্ ও নাত্ প্রতিযোগিতা এবং দোয়ার আয়োজন। | স্ব স্ব প্রতিষ্ঠান। | জেলা শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/ উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সিলেট এবং সকল সরকারি/ বেসরকারি উচ্চ বিদ্যালয়/ প্রাথমিক বিদ্যালয়/ কলেজ/ মদ্রাসা/ বিশ্ববিদ্যালয়/ মেডিকেল কলেজ, সিলেট |
| ১১ | ১৫/০৮/২০১৭ দুপুর ২.০০ টায় | বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ জেলা ও মহানগর কমান্ড কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কর্মের উপর আলোচনা সভা। | স্ব স্ব ইউনিট কার্যালয়। | বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ জেলা/ মহানগর ইউনিট। |
| ১২ | ১৫/০৮/২০১৭ সুবিধাজনক সময়ে | দোয়া মাহফিল আয়োজন ও তবারক বিতরণ। | কারাগার, এতিমখানা, হাসপাতাল। | স্ব স্ব প্রতিষ্ঠানের প্রধানগণ। |
| ১৩ | ১৫/০৮/২০১৭ সকাল ১০.০০ টা হতে | ফ্রি চিকিৎসা ক্যাম্প, ঔষধ বিতরণ ও রক্তদান কর্মসূচি। | বিএমএ ভবন, চৌহাট্টা ও সকল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সিলেট | সংশ্লিষ্ট উপ-কমিটি। |

২। "জাতীয় শোক দিবস-২০১৭" যথাযথভাবে পালনের নিমিত্ত গৃহীত কর্মসূচি চলাকালীন সময়ে প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিতকরণের জন্য পুলিশ কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ ও পুলিশ সুপার, সিলেটকে অনুরোধ জানানো হয়।

৩। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪২তম শাহাদত বার্ষিকীতে জেলা সদরসহ প্রতিটি উপজেলায় ১ আগষ্ট, ২০১৭ হতে ১৫ আগস্ট, ২০১৭ পর্যন্ত প্রতিদিন পর্যায়ক্রমে জাতির পিতা'র জীবনের উপর নির্মিত ডকুমেন্টরি চলচ্চিত্র প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-পরিচালক, জেলা তথ্য অফিস, সিলেটকে অনুরোধ করা হলে ইহার কার্যক্রম চলমান রয়েছে।

৪। সহকারি পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সিলেট জানান যে, "জাতীয় শোক দিবস-২০১৭" পালন উপলক্ষে পৃথক ভাবে বিস্তারিত কর্মসূচি গ্রহণ করা হয়েছে। কর্মসূচির মধ্যে ১৫/০৮/২০১৭ তারিখ সকাল ১০.৫০ মিনিটে মসজিদ ভিত্তিক গণশিক্ষা কেন্দ্রে এবং সকল মসজিদে দোয়া, মিলাদ মাহফিল ও বঙ্গবন্ধুর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ প্রতিযোগিতার ব্যবস্থা করা হয়েছে। এছাড়া জেলা এবং সকল উপজেলায় মসজিদে মসজিদে কুরআন খানি, আলোচনা সভা ও মোনাজাত এর আয়োজন করা হয়েছে।

৫। জেলা সংগঠক, বাংলাদেশ শিশু একাডেমী, সিলেট জানান যে, "জাতীয় শোক দিবস-২০১৭" উপলক্ষে শিশু একাডেমী কর্তৃক বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। উক্ত কর্মসূচিতে ১৪/০৮/২০১৭ তারিখে শিশুদের মধ্যে বঙ্গবন্ধুর জীবনীর উপর রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং ১৫/০৮/২০১৭ তারিখে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ ও বঙ্গবন্ধু'র জীবন ও আদর্শ সম্পর্কিত পুস্তক প্রদর্শনী'র আয়োজন করা হবে।

৬। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪২তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস-২০১৭ যথাযোগ্য মর্যাদায় এবং ভাবগম্ভীর পরিবেশে পালনের নিমিত্ত জাতীয় কর্মসূচি ও জেলা প্রশাসন কর্তৃক প্রণীত কর্মসূচির আলোকে স্থানীয়ভাবে কর্মসূচি প্রণয়নপূর্বক যথাযথভাবে বাস্তবায়নের জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল) এবং সকল উপজেলা নির্বাহী অফিসারগণকে

অনুরোধ করা হয়। উপজেলা নির্বাহী অফিসারগণ নিজ নিজ উপজেলার আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান ও সকল ইউনিয়ন পরিষদে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করবেন।

জাতীয় শোক দিবসের কর্মসূচিসমূহের সুষ্ঠু বাস্তবায়নে প্রয়োজনীয় কমিটি গঠনের সিদ্ধান্ত গ্রহণপূর্বক আর কোনো আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৭.৮.১৭

(মোঃ রাহাত আনোয়ার)
জেলা প্রশাসক
সিলেট
☎ ০৮২১-৭১৬১০০ (অফিস)
Email:dcsylhet@gmail.com

স্মারক নং: ০৫.৪৬.৯১০০.০১০.৫৮.০০৮.১৪- ৮১৮ (৭০)

তারিখ: ২৪ শ্রাবণ ১৪২৪ / ০৮ আগস্ট ২০১৭

অনুলিপি: সদয় অবগতির জন্য-

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহণ পুল ভবন, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। ডিআইজি, সিলেট রেঞ্জ, সিলেট।
০৫। পুলিশ কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট।

সদয় অবগতি ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় সংসদ সদস্য, সিলেট ............................................ আসন।
০২। পরিচালক (প্রশাসন), এম এ জি ওসমানী মেডিকেল হাসপাতাল, সিলেট।
০৩। অধ্যক্ষ, এমএজি ওসমানী মেডিকেল কলেজ, সিলেট।
০৪। পুলিশ সুপার, সিলেট।
০৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট।
০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট।
০৭। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
০৮। সিভিল সার্জন, সিলেট।
০৯। বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট।
১০। অধ্যক্ষ, এমসি কলেজ/ মদন মোহন কলেজ/ সিলেট সরকারী আলীয়া মাদ্রাসা, সিলেট।
১১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/ (রাজস্ব)/ (শিক্ষা ও আইসিটি)/ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট।
১২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ........................................ (সকল), সিলেট।
১৩। উপজেলা নির্বাহী অফিসার ............................................ (সকল), সিলেট।
১৪। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, সিলেট।
১৫। নির্বাহী প্রকৌশলী, ............................................................, সিলেট।
১৬। বিভাগীয় প্রকৌশলী, টেলিকম, সিলেট।
১৭। উপ-পরিচালক, ............................................................, সিলেট।

১৮। সিনিয়র সহকারী কমিশনার, ......................................................, সিলেট।

১৯। নেজারত ডেপুটি কালেক্টর/রেভিনিউ ডেপুটি কালেক্টর, সিলেট।

২০। সহকারি কমিশনার ............................................................, সিলেট।

২১। উপ-মহা ব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক লিঃ/সোনালী ব্যাংক/ বাংলাদেশ কৃষি ব্যাংক, সিলেট।

২২। কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, জেলা/মহানগর ইউনিট, সিলেট।

২৩। সভাপতি/ সাধারণ সম্পাদক, ..................................................., জেলা/ মহানগর শাখা, সিলেট।

২৪। জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি-১ ও ২, সিলেট।

২৫। জেলা ..................................................................., সিলেট।

২৬। সভাপতি/ সাধারণ সম্পাদক, জেলা প্রেসক্লাব/ সিলেট প্রেসক্লাব, সিলেট।

২৭। সহকারী পরিচালক, ..................................................., সিলেট।

২৮। ..............................................................................

..............................................................................।

২৯। প্রধান শিক্ষক, ..........................................................., সিলেট।

৩০। জনাব ........................................................................

........................................................................

........................................................................।

(জেসমিন আক্তার)
সহকারি কমিশনার
সিলেট।
☎ ০৮২১-৭১৭৭৪৭ (অফিস)